



আপনার ভোট যেন কেউ ছিনিয়ে নিতে না পারে: তারেক রহমান



টাঙ্গাইল নির্বাচনী জনসভায় বিএনপির চেয়ারম্যান তারেক রহমান। ছবি: সংগৃহীত

নিজের ভোট যেন অন্য কারও মাধ্যমে প্রয়োগ না হয় এ বিষয়ে ভোটারদের সতর্ক থাকার আহ্বান জানিয়েছেন বিএনপির চেয়ারম্যান তারেক রহমান।

শনিবার (৩১ জানুয়ারি) টাঙ্গাইলে নির্বাচনী জনসভায় বক্তব্য দিতে গিয়ে তিনি আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের গুরুত্ব তুলে ধরেন। তার ভাষায়, এই নির্বাচন দেশের গণতন্ত্র, মানুষের অধিকার ও রাষ্ট্র পরিচালনার ভবিষ্যৎ দিকনির্দেশনা নির্ধারণ করবে। তাই সবাইকে ঐক্যবদ্ধ হয়ে ভোটকেন্দ্রে উপস্থিত হওয়ার আহ্বান জানান তিনি।

তিনি বলেন, ভোটাধিকার রক্ষার দায়িত্ব জনগণকেই নিতে হবে। জনগণের ভোট নিশ্চিত না হলে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠা সম্ভব নয়, আর পরিবর্তন আনতে হলে প্রত্যেককে নিজের দায়িত্ব বুঝে ভোটকেন্দ্রে যেতে হবে।

বিগত সময়ে উন্নয়নের নামে ব্যাপক দুর্নীতির অভিযোগ তুলে তারেক রহমান বলেন, মেগা প্রকল্পের আড়ালে বিপুল অর্থ লুটপাট হয়েছে, যার বোঝা এখন সাধারণ মানুষের ওপর চাপানো হচ্ছে। পাশাপাশি তিনি অভিযোগ করেন, কিছু মহল পরিকল্পিতভাবে ভোটগ্রহণ প্রক্রিয়াকে প্রশংসিত করার চেষ্টা করছে। বিভিন্ন কৌশলে মানুষের এনআইডি ও বিকাশ নম্বর সংগ্রহের অপচেষ্টা চলছে বলেও দাবি করেন তিনি। এসব বিষয়ে সচেতন থাকার আহ্বান জানান উপস্থিত সবাইকে।

ভয় নয়, সাহস নিয়ে গণতন্ত্র পুনরুদ্ধারের লড়াইয়ে অংশ নিতে নেতাকর্মী ও সাধারণ মানুষকে উদ্বুদ্ধ করেন তিনি। বক্তব্য শেষে টাঙ্গাইলের আটটি আসনে বিএনপি মনোনীত প্রার্থীদের হাতে ধানের শীষ প্রতীক তুলে দেন তারেক রহমান।